গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষেরকার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৩.০৩.২০২৬ খ্রি.

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে বাংলা,ইংরেজি,ইতিহাস,ইস.ইতিহাস,রাষ্ট্রবিজ্ঞান,দর্শন,ইসলাম শিক্ষা,সমাজবিজ্ঞান,অর্থনীতি,পদার্থবিদ্যা,রসায়ন,উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা,ও গণিত বিষয়ে আগামী ০৩.০৩.২০২৬ তারিখ হতে ১৫.০৩.২০২৬ পর্যন্ত সকাল ১০.৩০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তির কার্যক্রম চলবে।

## ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও তফশীল নিম্নে প্রদত্ত হলো :

**১। ভর্তির যোগ্যতা :**
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম মেধা তালিকা অনুযায়ী সিলেট মুরারিচাঁদ কলেজে বিভিন্ন বিষয়ে মনোনয়নপ্রাপ্ত আবেদনকারীরা প্রিলিমিনারি টু মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে।

২। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১: ভর্তির জন্য মনোনীত আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের website(www.nu.ac.bd/admissions) থেকে ফরম ডাউনলোড করে (০২ সেট ফটোকপিসহ) স্বাক্ষর করতে হবে।

ধাপ-২ : ভর্তি ফিস:

- এম.এ/এম.এস.এস কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৬,০৩০/-.অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৬,০৩৫/- ।
  এম.এস-সি কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৬,২৮০/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৬,২৮৫/- "ই-শিক্ষার" মাধ্যমে আগামী ০৩.০৩.২০২৬ তারিখ সকাল ১০.৩০ টা থেকে ১৫.০৩.২০২৬ তারিখের মধ্যে টাকা জমা দিয়ে টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে ফরমের সাথে যুক্ত করতে হবে।

কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** ওয়েব এড্রেসে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি সোনালী-ইসেবা,বিকাশ/রকেট-১৮৯২ এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

## অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com**এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password**দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: mcstudent, Password: mcstudent**দিয়ে**Sign In**করতে হবে।
- এরপর **Admission**এ ক্লিক করে **Click for New Admission**এ ক্লিক করতে হবে।

- **Select Masters Department** এবং **Enter Admission Roll (7 Digit জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে Admission Roll আছে)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফি প্রদান করে **Application Form Reprint** অপশনথেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে ১ কপি নিজবিভাগে জমা দিতে হবে এবং অন্যকপি নিজের সংগ্রহে রাখতে হবে।

৩। প্রয়োজনীয় কাগজপত্র (বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে ০১ সেট এবং ফটোকপি ০১ সেট সংযুক্ত করতে হবে):
ক)ডিগ্রী (পাস)/ স্নাতক পাশের রেজিস্ট্রেশন কার্ড এবং নম্বরপত্রের ফটোকপি ;
খ) দ্বৈত ভর্তি নেই এই মর্মে প্রার্থীর অঙ্গিকারনামার ফটোকপি;
গ) বিশ্ববিদ্যালয়ের ফরমের মূল কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি এবং অন্যান্য সেটে ০১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে;
ঘ) সমতা নিরূপণ ও মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি(প্রযোজ্য ক্ষেত্রে);
ঙ) পাঠবিরতি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
চ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধি কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ প্রদর্শন সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে।

৪। সংশ্লিষ্ট বিভাগ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস),স্নাতক (সম্মান) পরীক্ষা রোল,প্রাপ্ত নম্বর /জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সাথে মিলিয়ে দেখতে হবে।

৫। বিভাগসমূহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এতদসঙ্গে প্রেরিত ছক মোতাবেক এক্সেলে পূরণ পূর্বক প্রতিদিন ই-মেইলে (admission.mccollege1892@gmail.com)প্রেরণ করতে হবে এবং আগামী ১৬.০৩.২০২৬ তারিখ ১.৩০ ঘটিকার মধ্যে চূড়ান্ত ভর্তির তালিকার হার্ডকপি অফিসের **জনাব ইসতিয়াক হোসেন ও জনাব বাদল দেবনাথ** এবং সফ্ট কপি উক্ত ই-মেইলে প্রেরণ করতে হবে। বিষয়টি অতীব জরুরী।

৬। বিষয় পরিবর্তনের ফলাফল ও করণীয় : বিষয় পরিবর্তনের জন্য ভর্তির ফরম ডাউনলোডের সময় সংশ্লিষ্ট ঘরে টিক চিহ্ন দিতে হবে। সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে এবং মেধা স্কোরের ভিত্তিতে আবেদনকারীকে তার বিষয় পছন্দক্রম অনুযায়ী বিষয় পরিবর্তন করা হবে এবং ভর্তি সংশিষ্ট website/SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। শিক্ষার্থীরবিষয় পছন্দ হলে নির্দিষ্ট website থেকেবিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে।উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তনে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে।তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয় বহাল থাকবে।

❖ ১ম মেধা তালিকার ফলাফল প্রত্যেক বিভাগে ই-মেইলে প্রেরণ করা হয়েছে । বিভাগীয় প্রধানগণ প্রদত্ত ফলাফল ই-মেইল থেকে ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষর
Hossain
০৩.০৩.২৬
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মুরারিচাঁদ কলেজ, সিলেট

০৩/০৩/২৬
আহবায়ক
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি
মুরারিচাঁদ কলেজ, সিলেট